মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচন ২৭ জুলাই

মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। আগামী ২৭ জুলাই নির্বাচন অনুষ্ঠিত হবে।

আজ বুধবার জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং কর্মকর্তা মো: আবু আনছার এ তফসিল ঘোষণা করেন। তফসিলে ২৮ জুন মনোনয়নপত্র জমা, ৩০ জুন মনোনয়ন বাছাই, ৭ জুলাই প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন নির্ধারণ করা হয়েছে।

প্রসঙ্গত, মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নেওয়ার লক্ষ্যে পদত্যাগ করলে পদটি শুন্য হয়। শুন্যপদের জন্য উপনির্বাচনের তফসিল ঘোষণা হয়।

নবনির্বাচিত মেয়র রিটনকে পরিবেশক সমিতির পক্ষ থেকে অভিনন্দন

মাহফুজুর রহমান রিটন দ্বিতীয়বার মেহেরপুর পৌরসভার মেয়র নির্বাচিত হওয়ায় মেহেরপুর পরিবেশক সমিতির পক্ষ থেকে অভিনন্ন জানিয়েছেন।

নির্বাচনী ফলাফল ঘোষণা হওয়ার পর পরই জেলা পরিবেশক সমিতির পক্ষ তাকে রিটনের নির্বাচনী কার্যালয়ে এসে তাকে অভিনন্দন জানান তারা।

পরিবেশক সমিতির প্রধান উপদেষ্টা জেলা পরিষদের প্রশাসক আলহাজ্ব গোলাম রসুল, উপদেষ্টা পরিষদের সদ্য গোলাম মোস্তফা, সভাপতি হাসেম আলী, সহসভাপতি আকবর আলী বিশ্বাস, সাংগাঠনিক সম্পাদক আব্দুর

রাজ্জাক, নির্বাহী সদস্য সোমেল রানা, সাদরুল ইসলাম নাহিদসহ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

পরিবেশক সমিতির নেতৃবৃন্দ তাকে ফুলের মালা দিয়ে অভিনন্দন জানান।

উল্লেখ্য, নবনির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটন মেহেরপুর জেলা পরিবেশক সমিতির সাধারণ সম্পাদক।

নবগঠিত শ্যামপুর ইউনিয়নের প্রথম চেয়ারম্যান মতিয়ার রহমান

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের প্রথম চেয়ারম্যান মতিউর রহমান। তিনি স্বেচ্ছাসেবকলীগ নেতা।

ভোট গণনা শেষে একটি বিশস্থ সূএ থেকে বেসরকারীভাবে এ ফলাফল পাওয়া গেছে।

নবগঠিত শ্যামপুর ইউনিয়নে মোট ভোটার ১৭ হাজার ৩৫৮ জন। ইউনিয়নের ৯ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
ইউনিয়নে ৭ জন চেয়ারম্যান প্রার্থী, সাধারণ সদস্য পদে ৪৫ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১২ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।

দ্বিতীয়বারের মত মেয়র নির্বাচিত হলেন মাহফুজুর রহমান

রিটন

মেহেরপুর পৌরসভা নির্বাচনে দ্বিতীয় বারের মত বেসরকারীভাবে মেয়র নির্বাচিত হলেন আওয়ামীলীগ মনোনী প্রার্থী মাহফিজুর রহমান রিটন।

ভোট গণনা শেষে মেহেরপুর পৌরসভা নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার মেহেদী হাসান এ ফলাফল ঘোষণা করেন।

মেহেরপুর পৌর সভায় মোট ভোটার ৩৫ হাজার ২০২ জন। পৌরসভার ২০ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
পৌরসভায় সাধারণ সদস্য পদে ৪৩ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১৫ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।
বিস্তারিত আসছে—-

পিরোজপুর ইউনিয়নে বাবলু বিশ্বাস আবারো চেয়ারম্যান

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে বেসরকারীভাবে আবারো চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন আওয়ামীলীগ মনোনী প্রার্থী আব্দুস সামাদ বাবলু বিশ্বাস। একটি বিশস্থ সূত্রে বেসরকারীভাবে এ ফলাফল পাওয়া গেছে।

পিরোজপুর ইউনিয়নে মোট ভোটার ১৯ হাজার ২৩৭ জন। ইউনিয়নের ১০ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।

ইউনিয়নে ৩ জন চেয়ারম্যান প্রার্থী, সাধারণ সদস্য পদে ৩৫ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১৪ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।

নবগঠিত বারাদী ইউনিয়নের প্রথম চেয়ারম্যান মোমিনুল ইসলাম

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদী ইউনিয়ন পরিষদ নির্বাচনে বেসরকারীভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন আওয়ামীলীগ মনোনীত প্রার্থী মোমিনুল ইসলাম।

তিনি সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও সদর উপজেলা পরিষদের ভাইসটেয়ারম্যান ছিলেন।

নবগঠিত বারাদী ইউনিয়নে মোট ভোটার ১৯ হাজার ৪২৮ জন। ইউনিয়নের ৯ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
ইউনিয়নে ৬ জন চেয়ারম্যান প্রার্থী, সাধারণ সদস্য পদে ৪৩ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১৩ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।

আমঝুপি ইউনিয়নে হ্যাট্রিক চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদ নির্বাচনে বেসরকারীভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন আওয়ামীলীগ মনোনী প্রার্থী বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু ।

তিনি পেয়েছেন ৮ হাজার ৫২ ভোট। তার নিকটতম প্রতিদ্বদ্বী স্বতন্ত্র প্রার্থী শফিকুল ইসলাম (ঘোড়া মার্কা)পেয়েছেন ৭ হাজার ৪৬৫ ভোট। এছাড়া আন্তজার্তিক সুপার মডেল আসিফ আজিম (আনারস প্রতীকে) পেয়েছেন ৩ হাজার ৯৩৪ ভোট।

একটি বিসস্থ সূত্রে থেকে এ ফলাফল পাওয়া গেছে।

আমঝুপি ইউনিয়নে মোট ভোটার ২৮ হাজার ৭৪৩ জন। ইউনিয়নের ১৫ টি

ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি। এর আগে তিনি দুবার চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন।

মেহেরপুরের পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের ভোট সমাপ্ত

ছোট খাটো দু একটি ঘটনার ছাড়া উচ্ছাস উদ্দীপনা ও উৎসব মুখর পরিবেশে অবাধ, নিরপেক্ষভাবে মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন শান্তিপূর্ণভাবে সমাপ্ত হয়েছে। এখন চলছে ভোট গণনা।

নবগঠিত বারাদী ইউনিয়নের কলাইডাঙ্গা ইউনিয়নের মোমিনুল ইসলামের নৌকা প্রতীকের) পক্ষে জাল ভোট দিতে এসে আটক হন তার বোন গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ৪,৫,৬ নং ওয়ার্ডের সংরক্ষিত নারী সদস্য সুফিয়া খাতুন। এছাড়া আমঝুপি ইউনিয়নের ১ নং ওয়ার্ড খোকসা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রের মধ্যে দীর্ঘক্ষণ অবস্থান করে ভোটারদের মধ্যে প্রভাব বিস্তার করার অভিযোগে দুই সাধারণ সদস্য (মেম্বর) প্রার্থীকে আটক করেছেন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট।

তারা হলেন আমঝুপি ইউনিয়নের ১ নং ওয়ার্ডের জমিরুল শেখ (আপেল) এবং আলী কদর (মোরগ) প্রতীক। এছাড়া বারাদী ইউনিয়নের পাটকেল পোতা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে নৌকার পক্ষে একই বুথে দুজন এজেন্ট থাকায় তাদের বের করে দেয়া হয়।
জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এবং পুলিশ সুপার মোঃ রাফিউল আলম মেহেরপুর পৌরসভার বিভিন্ন ভোট কেন্দ্র পরিদর্শন করেছেন।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এবং পুলিশ সুপার রাফিউল আলম মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যায় কেন্দ্র সহ কয়েকটি কেন্দ্র পরিদর্শন করে ভোটের সার্বিক পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের ব্রিফ করেন। তারা ভোট কেন্দ্রের সার্বিক পরিস্থিতি নিয়ে সন্তোষ

প্রকাশ করেন। জেলা প্রশাসক ও পুলিশ সুপার শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখায় প্রার্থীদের ধন্যবাদ জানান ।

মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের সাধারণ নির্বাচন ৬৩ টি ভোট কেন্দ্রে এক যোগে শুরু হয়।

মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের মোট ভোটার ১ লাখ ২৪ হাজার ৯৮৮ জন। মেহেরপুর পৌরসভায় ২ জন মেয়রসহ ৪ টি ইউনিয়নে ২০ জন চেয়ারম্যান, ২১৩ জন সাধারণ কাউন্সিলর ও সাধারণ সদস্য, ৬৬ জন সংরক্ষিত নারী কাউন্সিলর ও সাধারণ সদস্য পদে নির্বাচনী প্রতিদ্বন্দ্বীতা করছেন।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে দুই মেম্বর প্রার্থী আটক

ভোট কেন্দ্রের মধ্যে দীর্ঘক্ষণ অবস্থান করে ভোটারদের মধ্যে প্রভাব বিস্তার করার অভিযোগে দুই সাধারণ সদস্য (মেম্বর) প্রার্থীকে আটক করেছেন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট।

তারা হলেন আমঝুপি ইউনিয়নের ১ নং ওয়ার্ডের জমিরুল শেখ (আপেল) এবং আলী কদর (মোরগ) প্রতীক।

বেলা আড়াই টার দিকে খোকসা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রের প্রিজাইডিং অফিসার মাসুদ পারভেজ জানান, বিনা অনুমতিতে ওই দুই প্রার্থী ভোট কেন্দ্রের বুথের মধ্যে অবৈধভাবে অবস্থান করে ভোটারদের মধ্যে প্রভাব বিস্তার করছিলেন। এসময় ভোট কেন্দ্রে দায়ীত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট তাদের দুজনকে আটক করে নিয়ে চলে যান।

স্থানীয়রা জানান, ওই দুই প্রার্থী ভোট কেন্দ্রের মধ্যে দীর্ঘক্ষণ অবস্থান করে প্রভাব বিস্তার করছিলেন। এসময় তারা বেশ কয়েকবারবাক বিতন্ডায় জড়িয়ে পড়েন।

পরে তাদের দুজনকে আটক করেন ম্যাজিস্ট্রেট।

ইভিএমে ভোট দিয়ে দিলেন শতবর্ষী ফইমন নেছা

ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এ ভোট দিয়ে আনন্দিত শতবর্ষী নারী ভোটার ফইমন নেছা।

বুধবার(১৫জুন) সকাল ৮ টা থেকে শুরু হয়েছে মেহেরপুর পৌরসভা ও সদর উপজেলার ৪ টি ইউনিয়ন পিরষদ নির্বাচনের ভোট গ্রহন।

নবগঠিত বারাদি ইউনিয়নে ৩ নং ওয়ার্ড হাসানাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্র থেকে বের হতে দেখা যায় বৃদ্ধা ফইমন নেছা (৯৯) কে ।

এ সময় ইলেকট্রিক ভোটিং মেশিন (ইভিএম) দেওয়ার অনুভুতি জানতে চাইলে কাপা কাপা গলায় বলে খুব ভালো লেগেছে। জীবনে প্রথম এরকম ভোট দিলাম। ভোট দিতেও কোন সমস্যা হয়নি। নিজের নাতিবৌয়ের সাথে এসেছেন কেন্দ্রে। এই বয়সেও নিজের ওয়ার্ড ও ইউনিয়নে পছন্দের প্রতিনিধি নির্বাচিত করতেই এসেছেন। ভোট প্রয়োগের সুষ্ঠ ও সুন্দর পরিবেশ থাকায় কোন বাঁধা বিঘ্ন ছাড়ায় মেশিনে ভোট দিতে পেরে আনন্দ প্রকাশ করলেন তিনি।

উল্লেখ্য: এই প্রথম ৬৩ কেন্দ্রের সবগুলোতেই ইলেকট্রনিক ভোটিং মেশিন(ইভিএম) দ্বারা ভোট গ্রহন হচ্ছে। মেহেরপুর সদর উপজেলার একটি পৌরসভা ও চার ইউনিয়নে মোট ভোটার সংখ্যা ১ লাখ ১৯ হাজার ৯৮৮জন।